



“নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি”

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd



স্মারক নং : পরী/মাধ্য/এসএসসি/২০২৩/৬১৮

তারিখ : ১৯/০১/২০২৩ খ্রি.


বিষয় : ১৯৯৬ সন থেকে নিজ/পিতা/মাতার নামের আক্ষরিক সংশোধনের আবেদন প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে এ বোর্ডের আওতাধীন সকল প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ১৯৯৬ সন থেকে এসএসসি ও এইচএসসি এবং ২০১০ সন থেকে জেএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী নিজ/ পিতা /মাতার নামের নিম্নোক্ত আক্ষরিক সংশোধনের জন্য এ বোর্ডের ওয়েবসাইট: www.comillaboard.gov.bd এর অভ্যন্তরীণ ই-সেবার অনলাইনে আক্ষরিক সংশোধনের আবেদন লিংকে প্রবেশ করে যথাযথভাবে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

- ১। নিজ/পিতা/মাতার নামের কোন অংশে এমন অক্ষর সংযোজন/ বিয়োজন যাতে উচ্চারণের পরিবর্তন হয় না।
উদাহরণ : Zillur - Jillur , Shahidul - Shohidul/ Sohidul
- ২। নিজ/পিতা/মাতার নামের (Md, Mst, Mosa) কে পূর্ণ রূপ করা অথবা পূর্ণরূপ (Mohammad, Mosammat) কে সংক্ষেপ করা।
- ৩। নামের কোন অংশে ডট (.) / হাইফেন (-) বাদ দেয়া।
- ৪। নিজ/পিতা/মাতার নামের বিভিন্ন অংশ একসাথে করা অথবা অংশ বিশেষকে ভাগ করা। তবে এতে নামের পরিবর্তন গ্রহণযোগ্য হবে না।
উদাহরণ : KAMRUNNAHAR - KAMRUN NAHAR
- ৫। আবেদনকারীর নিজ নাম, পিতা ও মাতার নামের সাথে উপনাম ও পেশাগত পদবী যেমন : Mr, Miss, Mrs, Late, Dr. Engineer, Advocate, Barristar, Professor, Principal, Mawlana, Moulvi, Haji, Kari, Sree ইত্যাদি শব্দ বাদ দেয়া।
- ৬। নিজ/পিতা/মাতার নামের পূর্বে MOHAMMAD/ MD/ MOHD এবং MOSAMMAT/ MST/ MOST/ MOSA সংযোজন ও বিয়োজন।
- ৭। নিজ নাম/ পিতা/ মাতার নামে রেকর্ডপত্রে বিদ্যমান কোন অক্ষর পরিবর্তন বা সংযোজন /বিয়োজন করলে নামের উচ্চারণ পরিবর্তন হলে সেটি আক্ষরিক সংশোধন হবেনা।
- ৮। নিজ নাম/ পিতা/ মাতার নামে বিদ্যমান কোন অক্ষর পরিবর্তন বা সংযোজন /বিয়োজনের জন্য অনলাইনে আবেদনের সময় আবেদনকারীর ছবি, জন্মনিবন্ধন সনদ/ প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার সনদ, নিজ/পিতা/মাতার জাতীয় পরিচয় পত্র/পাসপোর্টের স্ক্যান কপি প্রমাণক হিসেবে অনলাইনে সংযুক্ত করতে হবে।
- ৯। আক্ষরিক সংশোধনের আবেদনের জন্য এফিডেভিট ও পত্রিকায় বিজ্ঞপ্তির প্রয়োজন নেই।

উল্লেখ্য বর্ণিত শর্তাবলী অনুযায়ী আবেদন না হলে সংশ্লিষ্ট আবেদন বাতিল বলে গণ্য হবে। ১৯৯৬ সন থেকে আক্ষরিক সংশোধনের আবেদন ম্যানুয়েল পদ্ধতি/ সরাসরি গ্রহণ করা হবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


১৭/০১/২০২৩


১৯/০১/২৩

(ড. মোঃ আসাদুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০৬১৭২